

website:www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
চাকা ।

বিআরপিডি সার্কুলার নং- ১০

জুলাই ১১, ২০১২
তারিখ : -----
আষাঢ় ২৭, ১৪১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

অভ্যন্তরীণ বিলে স্বীকৃতি প্রদান এবং ক্রয় প্রসঙ্গে।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, প্রকৃত ব্যবসায়িক লেনদেন না থাকা সত্ত্বেও স্থানীয় ও বৈদেশিক মুদ্রায় খোলা ঝণপত্রের বিপরীতে অ্যাকোমোডেশন বিল প্রস্তুতের মাধ্যমে ব্যাংক হতে তহবিল সংগ্রহের প্রবণতা বৃদ্ধি পেয়েছে। এ সকল অ্যাকোমোডেশন বিল ক্রয় সংক্রান্ত কার্যাদি ব্যাংকের শাখা পর্যায়ে সংঘটিত হওয়ায় অনেক ক্ষেত্রে তা ব্যাংকের প্রধান কার্যালয়ের অগোচরে থেকে যাচ্ছে, যার ফলে ব্যাংকের আর্থিক ভিত্তি অনেক সময় ঝুঁকির সম্মুখীন হচ্ছে।

অ্যাকোমোডেশন বিল প্রস্তুতের মাধ্যমে উক্ত বিলে স্বীকৃতি প্রদান ও ক্রয়ের ক্ষেত্রে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ব্যাংকসমূহ কর্তৃক স্থানীয় ও বৈদেশিক মুদ্রায় সকল অভ্যন্তরীণ বিল ক্রয়ে (আইবিপি) শাখা পর্যায়ে সিদ্ধান্ত গ্রহনের পরিবর্তে ব্যাংকের প্রধান কার্যালয়ের লিখিত পূর্বানুমোদন গ্রহণ করতে হবে। এছাড়াও স্থানীয় কিংবা বৈদেশিক মুদ্রায় ঝণপত্রের বিপরীতে স্বীকৃতি প্রদানের পূর্বে ক্রয়কৃত মালামালের প্রকৃত সরবরাহ সরেজমিন যাচাই ব্যতিরেকে কোন স্বীকৃতি প্রদান কিংবা মূল্য পরিশোধ করা যাবে না।

এই নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০০৯৪